বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম সহ সরকারি/বেসরকারি মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানে মেরিন ক্যাডেট প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি



লিখিত পরীক্ষার তারিখ/সময়:
পরবর্তীতে মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

২০২১-২০২২ সালের নটিক্যাল/ইঞ্জিনিয়ারিং ক্যাডেট হিসেবে যোগ দিন

নিম্নবর্নিত মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ২০২১-২০২২ সালে ক্যাডেট ভর্তির জন্য অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে :

১. বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম (আসন সংখ্যা: পুরুষ-১৬০ জন ও মহিলা-২০ জন)।
২. বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা (আসন সংখ্যা: পুরুষ-৫০ জন)।
৩. বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল (আসন সংখ্যা: পুরুষ-৫০ জন)।
৪. বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর (আসন সংখ্যা: পুরুষ-৫০ জন)।
৫. বাংলাদেশ মেরিন একাডোম, সিলেট (আসন সংখ্যা: পুরুষ-৫০ জন)।
৬. মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম (আসন সংখ্যা: পুরুষ-৬৫ জন ও মহিলা-০৫ জন)।
৭. ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, ঢাকা (আসন সংখ্যা: পুরুষ-১০০ জন)।
৮. মাস মেরিন একাডেমি, চট্টগ্রাম (আসন সংখ্যা: পুরুষ-৬০ জন)।
৯. ওসেন মেরিটাইম একাডেমি, চট্টগ্রাম (আসন সংখ্যা: পুরুষ-১০০ জন)।
১০. ওয়েষ্টার্ণ মেরিটাইম একাডেমি, ঢাকা (আসন সংখ্যা: পুরুষ-৫৩ জন)।
১১. ইন্টারন্যাশনাল মেরিটাইম ট্রেনিং একাডেমি, ঢাকা (আসন সংখ্যা: পুরুষ-৫০ জন)।

আবেদনের যোগ্যতা

(ক) বয়স: ০১-০১-২০২১ইং তারিখে সর্বোচ্চ ২১ বছর(পুরুষ/মহিলা)।
আবেদনকারীদের যোগ্যতা "বাংলাদেশ নৌ-বাণিজ্যিক জাহাজ অফিসার ও নাবিক প্রশিক্ষণ, সনদায়ন, নিয়োগ, কর্মঘন্টা এবং ওয়াচকিপিং বিধিমালা, ২০১১" অনুসারে নির্ধারিত হবে অথবা সমমানের হবে।
(খ) আবেদনকারীদের শিক্ষাগত যোগ্যতা: এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে প্রথম বিভাগ অর্থাৎ ৬০% নম্বর অথবা জিপিএ ৩.৫০ প্রাপ্ত হইয়া উত্তীর্ণ হতে হবে এবং এইচএসসি পরীক্ষায় পদার্থবিদ্যা ও গণিতসহ প্রথম বিভাগ অর্থাৎ ৬০% নম্বর বা জি.পি.এ-৩.৫০ থাকতে হবে এবং পদার্থবিদ্যা ও গণিত বিষয়ে আলাদাভাবে ৬০% নম্বর এবং ইংরেজী বিষয়ে ৫০% নম্বর প্রাপ্ত হইয়া উত্তীর্ণ হতে হবে; ইংরেজী ৫০% নম্বর বা জিপিএ ৩.০০ এর ঘাটতি থাকলে IELTS পরীক্ষায় ৫.৫ স্কোর থাকতে হবে অথবা সমমানের হবে। অথবা ইংলিশ মিডিয়াম পাঠ্যক্রমের আওতায় পদার্থবিদ্যা ও গণিতসহ C গ্রেডে A-Level সনদপ্রাপ্ত এবং পদার্থবিদ্যা, গণিত, ইংরেজীসহ ন্যূনতম ৫টি বিষয় নিয়ে C গ্রেডে O-Level সনদপ্রাপ্ত অথবা সমমানের হবে।
উচ্চতা: পুরুষ-৫' ৪" এবং মহিলা-৫' ২", ওজন: বিশ্ব স্বাস্থ্য সংস্থার BMI চার্ট মোতাবেক হতে হবে (BMI ন্যূনতম ১৭ এবং সর্বোচ্চ ২৭; যেমন-৫' ৪": ৪৫-৭১ কেজি বা ৫' ৬": ৪৮-৭৬ কেজি। দৃষ্টিশক্তি নটিক্যাল ক্যাডেটদের জন্য ৬/৬: ইঞ্জিনিয়ারিং ক্যাডেটদের জন্য ৬/১২ (চশমাসহ অবশ্যই ৬/৬ হতে হবে)। আবেদনকারীকে বাংলাদেশী নাগরিক এবং অবিবাহিত হতে হবে। তবে বিদেশী নাগরিক ভর্তির ক্ষেত্রে সরকারের সংশিষ্ঠ নিয়মনীতি/শর্তাদি প্রযোজ্য হবে।

চূড়ান্ত নির্বাচন পদ্ধতির ধাপসমূহ:

(ক) এস.এস.সি ও এইচ.এস.সি এর জিপিএ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী নির্বাচন মূল্যায় করা হবে; এস.এস.সি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ গুন = ৭৫ নম্বর (সর্বোচ্চ); এইচ.এস.সি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ গুন = ১২৫ নম্বর (সর্বোচ্চ); ভর্তি পরীক্ষা নৈর্ব্যক্তিক (**MCQ** পদ্ধতি) = ১০০ নম্বর; সর্বমোট = ৩০০ নম্বর; ভর্তি পরীক্ষা: নৈর্ব্যক্তিক (MCQ পদ্ধতি) = ১০০ নম্বর এর বিষয় ভিত্তিক নম্বর বিভাজন:- পদার্থবিজ্ঞান-২৫, গণিত-২৫, বাংলা-১০, ইংরেজী-২৫ ও সাধারণ জ্ঞান-১৫)। পরীক্ষায় মোট ২০০টি প্রশ্ন থাকবে।

(খ) ভর্তি পরীক্ষায় প্রাশ নম্বর ৪০%।
(গ) পরীক্ষার ফলাফল ও পছন্দের ক্রমানুসারে নির্বাচিত প্রর্থীরা নির্ধারিত প্রতিষ্ঠানে প্রাথমিক শারীরিক পরীক্ষায় অংশগ্রহণ করবে এবং প্রাথমিক শারীরিক যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষায় অংশগ্রহন করবে।

প্রশিক্ষন:

চূড়ান্তভাবে মনোনীত ক্যাডেটগণ বিভিন্ন সরকারি ও বেসরকারি মেরিন একাডেমিতে ০২ বছর প্রশিক্ষণ শেষে একাডেমী প্রদত্ত প্রি-সী নটিক্যাল সায়েন্স অথবা প্রি-সী মেরিন ইঞ্জিনিয়ারিং সনদপ্রাপ্ত হবেন।

অনলাইন আবেদন পদ্ধতি :

নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইট: www.dos.gov.bd এর মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহন করা হবে। আবেদনের নির্দেশিকা বর্ণিত ওয়েবসাইটে প্রদান করা হয়েছে।

আবেদন ও লিখিত পরীক্ষার তারিখ/সময়/কেন্দ্র:

লিখিত পরীক্ষার তারিখ/সময়/কেন্দ্র পরবর্তীতে মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

আবেদনের শেষ তারিখ:

০৫ মার্চ, ২০২১ খ্রি:

বিশেষ নির্দেশনা :

নির্বাচিত প্রার্থীরা সরকারি/বেসরকারি মেরিন একাডেমিতে ভর্তি হওয়ার পর আসন শূন্য থাকলে অপেক্ষমান তালিকা হতে ভর্তি করা হবে। বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম ও মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম হতে উত্তীর্ণ ক্যাডেটগনকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনির্ভাসিটি, বাংলাদেশ হতে অনার্স ডিগ্রী প্রদান করা হবে। তবে, বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা, বরিশাল, রংপুর ও সিলেট পরবর্তীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনির্ভাসিটি, বাংলাদেশ এর অধিভূক্ত হলে ক্যাডেটদেরকে অনার্স ডিগ্রী প্রদান করা হবে। সরকারি মেরিন একাডেমি কর্তৃক পাশকৃত সকল ক্যাডেটদের চাকুরীর বিষয়ে স্ব স্ব একাডেমী সকল ধরনের সহযোগিতা প্রদান করবে। বেসরকারি মেরিন একাডেমি ক্যাডেট ভর্তির ক্ষেত্রে তাদের নিজস্ব নিয়মাবলী অনুসরণ করবে। বেসরকারি মেরিন একাডেমী কর্তৃপক্ষ ক্যাডেটদের জাহাজে চাকুরি দিতে বাধ্য থাকবে। বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম ও মেরিন ফিশারিজ একাডেমিতে মহিলা ক্যাডেট ভর্তির ব্যবস্থা রয়েছে।
উল্লেখ্য যে, বাংলাদেশ মেরিন একাডেমি বরিশাল, পাবনা, রংপুর ও সিলেটে একাডেমিক কার্যক্রম আগামী জুলাই ২০২১ থেকে শুরু হবে।

সতর্কবানী :

কোন ব্যাক্তি ভর্তির নিশ্চয়তা দিয়ে আপনার নিকট অর্থ দাবী করলে নিশ্চিত জেনে রাখুন যে আপনি প্রতারিত হচ্ছেন। যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

আবেদন করতে ভিজিট করুন : www.dos.gov.bd